কেসটা হলো বাঙালী জাতটার উপর গণেশর একটা খার আছে। ক্যাবলা গণেশ, গোবর গণেশ এই সব বলে নিত্যদিন মানইজ্জত নিয়ে টানাটানি করে, তার উপর পয়লা বৈশাখে সকাল বেলা নমো নমো পুজো সেরে, সন্ধ্যা বেলা সাজগোজ, খাওয়াদাওয়া নিয়েই বেশি মশগুল থাকে। গণেশ মনে মনে ভাবে বাঙালিদের টিট ফর ট্যাট করে ভালোই করেছি। একটা ব্যাটাও ব্যবসা চালাতে পারে না। অন্যের ব্যবসাতেও লালবাতি জ্বালিয়ে দেয়। আর ওই যে কার্তিক যার রূপ ছাড়া কোনো গুন্ নেই, তার পুজো হয়, কোথাও কোথাও মেলাও বসে। কার্তিক ও জানে গণেশ তার জন্য একটু জেলাস আছে। গণেশ তো অনেকবার মাকে আবদার করেছে পুজোটা মহারাষ্ট্র এ ট্রান্সফার করতে। মাতো প্রতিবার বলেছে না বাবা সেটা হয় না। যাই হোক মায়ের ন্যাওটা ছেলে, তাই প্রতিবার আসতে হয় সবার সাথে।

পঞ্জিকা মতে সকাল ছয় ঘটিকায় আউট্রাম ঘাটে মায়ের নৌকা ভিড়লো। ঢাকের আওয়াজ, শঙ্খধ্বনি, উলুধ্বনিতে মা মহানগরীতে পদার্পণ করলেন। কার্তিক চারিদিকে তাকিয়ে বেশ হতাশ হয়ে বললো "একিরে কোথায় লন্ডন, কোথায় টেমস, এতো সাদা নীল জেবরা!” গণেশ একটু বিরক্ত হয়েই বললো "বাতেলাবাজ জাত একটা”।


সারা শহর সেজে উঠেছে মায়ের আগমনে। মণ্ডপে মণ্ডপে চলছে মাতৃবন্দনা। মা ঘুরে ঘুরে ছেলেমেয়েকে নিয়ে পুজো দেখছেন। সরস্বতী সব দেখে খুবই বিভ্রান্ত। ছেলেমেয়েরা তাকে প্রণাম করে ইংরেজিতে কটমট করে বিদ্যা চাইছে। তা ভাবটা যাইহোক না কেন, বিদ্যাবুদ্ধি চাওয়ার আন্তরিকতাই কোনো ফাঁক নেই। এই একজন IIT তে পাস করার জন্য অনুরোধ করে চলেছে। কিন্তু ওতো জানে না আমি জেনারেল লাইন এর লোক। বিশ্বকর্মা ইঞ্জিনিয়ারিংটা দেখে। কোনো কোনো মণ্ডপে আবার ভালো গানের সুরও ভেসে আসছে। এইসব ভেবে সরস্বতী বেশ গভীর চিন্তায় পড়ে গেলো। লক্ষী বেশ আনন্দে আছে। আহাহা কি স্টাইল এদিকে, কি ড্রেসের বাহার মর্তলোকে। ফটাফট স্মার্টফোনে ছবি তুলে নিচ্ছে। বাড়ি ফিরে ফেসবুক এ আপলোড করা যাবে। এদিকে কার্তিক সুন্দরী বাঙালি ললনাদের দেখে এতটাই বিহ্বল যে মনে মনে ঠিক করেছে এবার কিছু একটা করতেই হবে। গণেশ মনে মনে জানে এই জাতটার কিছুই হবে না। তাই মণ্ডপে মণ্ডপে ঘুরে মনের সুখে ফটাফট লাড্ডু মেরে যাচ্ছে।

মা দেখছেন চারিদিকের আড়ম্বর। সাধন, ভজন, নিবেদনের বদলে বাঙালিদের আয়োজনে বেশি মত্ত। মণ্ডপে মণ্ডপে চলছে নানা রকম প্রতিযোগিতা, দেখনদারির অন্ত নেই। জাঁকজমকের অন্তরালে হারিয়ে গেছে ভক্তি, বিনয়, নিষ্ঠাচার। সেই সকাল থেকে মানুষের ঢল নেমেছে, সারারাত ধরে মহানগরীতে চলছে মানুষের কোলাহল। মা ভাবছেন আর অন্তরে অন্তরে একটু ব্যাথিত হচ্ছেন।

দেখতে দেখতে এস গেলো বিজয়া দশমী। বিদায়বেলায় মণ্ডপে মণ্ডপে সিঁদুর খেলা, মিষ্টি খাবার ধুম, আনন্দের ফোয়ারা ছুটছে। মায়ের মন খারাপ। এমন সময় একছোট্ট মেয়ে ভিড়ের মাঝে ফাঁক বুঝে মায়ের পায়ের কাছে হাজির। গায়ে ঢলঢলে সস্তা ছিটের জামা, হাতে পুরোনো কারো দেয়া কাঁচের চুড়ি, পায়ে নেই কোনো জুতো। ছোট্ট ছোট্ট হাত জড়ো করে একমনে সে বললো, "মা তুই এতো দেরি করে আসিস কেনো? তুই আসছিস বলেই সবাই আমাকে নতুন জামা দেয়, খাবার দেয়। আমার মা বলে তুই এলে আমাদের সব দুঃখ মুছে যায়। তুই একটু তাড়াতাড়ি আসিস মা, কেমন?"। মা জননীর চোখ ধীরে ধীরে অশ্রুসিক্ত হয়ে উঠলো। চারিদিকে যেন আলো ঝলমল করে উঠলো, সানাই বেজে উঠলো, আকাশবাতাসে ধ্বনিত হোলো মাতৃবন্দনার সুর। মা স্নেহভরে স্মিতহাস্যে বললেন "আবার ফিরে আসবো বাছা"।


Ingram & Brauns Musik Shoppe
SALES & CERTIFIED REPAIRS
www.ibmusik.com
info@ibmusik.com
Ingram & Brauns Musik Shoppe
3160 Santa Rita Rd. Suite B4,
Pleasanton, CA 94566 (925)462-3667
1709 Yosemite Blvd. Modesto, CA 95354 (209) 571-0133
NEW & USED INSTRUMENTS
FOR STUDENTS & PROFESSIONALS
SALES RENTALS
LESSON STUDIOS REPAIRS


Apuroopa
Visit Apuroopa @ Agomoni
Showcasing wide range of exclusive sarees...
Trendy Anarkalis, Pallazzos, Dupattas...
and more...
Contact us:
Facebook: apuroopaboutique
Phone / whatsapp: 310-733-7580 / 408-761-4591
website: www.apuroopa.com
We are located at:
4684 Borina Dr,
San Jose CA 95129



**Impressions**

*Ahana Mukherjee, Grade 5*

## রামধনু

*জয়ীতা চ্যাটার্জী*

ছেঁড়া কাঁথায় শুয়ে স্বপ্ন দেখাটা যেমন ধৃষ্টতা,
তেমন পালঙ্কে শুয়ে রেশমের লেপ চোখের জলে ভিজিয়ে
ফেলাটাও এক প্রকার বাস্তব।
এই দুই মেরুর মাঝামাঝি যারা বাস করে,
বলছি আমি তাদের কথা।
যেখানে সুখদুঃখ একে অপরকে কখনও
জড়িয়ে থাকে নাগপাশের মতন।
আবার প্রেম, ঘৃণা ও লাঞ্ছনাও থাকে
যেন বাক্স বন্দি ভ্রমর!
এরই মাঝে দু চোখ ভরে স্বপ্ন দেখে মন,
খোঁজার চেষ্টা করে হারিয়ে যাওয়া সারল্য।
তেপান্তরের মাঠ পেরিয়ে,
সাদা ঘোড়ায় করে আসবে কি পুরুষ?
যে চিরকালের মায়াজালের মানসিকতা তছনছ করে
সাধারণ নারীর জীবনে ছড়িয়ে দেবে রামধনুর রঙ!
নাকি লজ্জায় লাল হয়ে থাকবে চিরকাল
এই মাঝামাঝি পড়ে থাকা অগুন্তি নারীর জীবন!



**Ma Durga and Her Children**

*Aryaman Majumder, Grade 1*

# পূজোর গানের একশ বছর

*সৌরভ মজুমদার*

বাঙালীর মনে দুর্গাপুজোর সাথে বাঙলা গান ওতোপ্রোতো ভাবে জড়িয়ে । একটা সময় ছিল যখন পূজোর আগে আগে সবাই অপেক্ষায় থাকত এবার পূজোয় কি গান বেরবে সেই কথা ভেবে । পূজোর আগে রেডিও তে অনুরোধের আসরে শোনা যেত কোন্ কোন্ শিল্পীরা সেই পূজোয় রেকর্ড বার করছেন। তাই শুনে পছন্দ মতো রেকর্ড কেনা বহু বাঙালী পরিবারে পূজোর জামা কাপড় কেনার মতই অপরিহার্য ছিল। পূজোর কটা দিন পাড়ার প্যান্ডেলের মাইকের অমাইক ব্যবহার যেমন বিরক্তির কারণ ছিল, তেমনি আবার সেটা না বাজলেও কেমন একটা ফাঁকা ফাঁকা লাগত। আমার বড় হয়ে ওঠার দিনগুলোয় রেকর্ডের বদলে ক্যাসেট বেরত। তবে তাতে পূজোয় নতুন গান শোনার উত্তেজনায় কোন থামতি হত বলে মনে পড়ে না।

পূজোয় বাঙলা গানের রেকর্ড বেরনোর রেওয়াজ কিন্তু অনেক দিনের । দুর্গাপূজোর সময় বাঙলা গানের প্রথম রেকর্ড বার করে The Gramaphone Company of India (HMV), ১৯১৪ সালে । নাম ছিল 'শারদাবলী' । সেই থেকেই বোধহয় শারদীয়া গান কথাটার প্রচলন । ওই রেকর্ডে গান গেয়েছিলেন তখনকার দিনের তিনজন গায়ক গায়িকারা - নারায়ণ চন্দ্র মুখার্জী, মানদাসুন্দরী দাসী, কে. মল্লিক । জনপ্রিয় হয়েছিল মানদাসুন্দরী দাসীর কীর্তন - 'এসো এসো বলে রসিক মেয়ে', নারায়ণ চন্দ্র মুখার্জীর বিজয়ার গান 'ও মা ত্রিনয়নী', আর কে. মল্লিক এর আগমনী গান 'গিরী একি তব বিবেচনা'। এই কে. মল্লিকের আসল নাম ছিল মুন্সী মহম্মদ কাসেম। কিন্তু ওনার গলায় 'তোর মেয়ে যদি থাকত উমা' শুনলে সেটা মনে থাকবেনা।

১৯১৪ তে পুজোর সময় আরো কিছু গান বেরিয়ে ছিল। গান গেয়েছিলেন বেদনা দাসী, মিস দাস, কৃষ্ণ দামিনী, মালতী দাসী, সরলা বাই, চন্ডী বন্দ্যোপাধ্যায়, অভয়পদ চট্টোপাধ্যায়, শশীভূষণ দে, চিত্তরঞ্জন গোস্বামী, দখিনা রঞ্জন গুহ এবং নারায়ণ চন্দ্র মুখার্জী। এই গান গুলোর মধ্যে মিস দাসের 'হে মোর দেবতা' আর 'প্রতিদিন আমি হে জীবনস্বামী' এত জনপ্রিয়তা পেয়েছিল যে HMV পরে এই রেকর্ডটা আবার বের করে। এই মিস দাস ছিলেন দেশবন্ধু চিত্তরঞ্জন দাসের বোন, অমলা দাস। সে যুগে উনিই প্রথম সম্ভ্রান্ত পরিবারের মহিলা যিনি রেকর্ডে গান করেছিলেন। ১৯১৪ র পর অনেক বছরই প্রায় পূজোয় বাঙলা গান বেরতে থাকে। ক্রমশঃ HMV র সাথে সাথে অন্য রেকর্ড কোম্পানীরাও পূজোর গান বের করা শুরু করে। তিরিশের দশক থেকে বাড়তে থাকে পুজোর গানের লোকপ্রিয়তা।

বিশ শতকের প্রথম দিকে কুমিল্লার যোগেন্দ্র চন্দ্রের বাড়ীতে সমাবেশ হত সেই সময়ের বহু গুণী সঙ্গীত প্রতিভার। ধ্রুপদ, গজল, খেয়াল এবং বিভিন্ন ধরনের লোকগীতি। তাদের থেকে গান শুনত ও শিখত যোগেন্দ্র চন্দ্রের ছেলে। মায়ের থেকে শিখত রবীন্দ্রনাথের গান ও। ১৯২৩ এ রবীন্দ্রনাথ যখন কুমিল্লাতে যান তখন তাঁকে গান শুনিয়ে প্রশংসা ও পায়। তারপর কলকাতায় আসা এবং ১৯২৮ এ All India Radio থেকে প্রথম সবাই শুনল 'হিমাংশু দত্তে র' গান। আর ১৯৩১ এ HMV প্রথম প্রকাশ করে তার গানের রেকর্ড, হরিপদ রায় গেয়েছিলেন - 'খুঁজে দেখা পাইনে যাহার'। সেই থেকে ১৯৪৪ অবধি 'হিমাংশু দত্তে র' গান বাঙালীকে মোহিত করে রেখেছিল। 'আলো ছায়া দোলা', 'চাঁদ কহে চামেলী গো', 'তোমারি পথ পানে চাহি' - অনেক গান। তার সুরের হাত ধরেই বাঙলা আধুনিক গানের এক পা দু পা করে হাঁটতে শেখা। তার গানের সুরের আবেদন এতটাই ছিল যে পরবর্ত্তী কালেও বহু শিল্পী তাঁর গান গেয়েছেন।

১৯৩০/৩১ সালের কথা। আসাম থেকে কলকাতায় পড়তে আসে পাঁচ/ছয় বছরের এক ছোট ছেলে। আসামে বাবার সংস্পর্শে, যখন থেকে জ্ঞান হয়েছে তার পরিচয় Western Classical Music এর সাথে। তারপর কলকাতায় এসে ছোড়দা ননী চৌধুরীর দৌলতে তার পরিচয় হলো Western Orchestra র সাথে। সেই সময়ে ঐ ছেলেটির কে. মল্লিকের গান ও ভালো লাগতো। গাইতে পারতো সেই সব গান, নিখুঁত ভাবে। তখন কে আর জানত কয়েক দশক বাদে তার কথায় ও সুরে বাঙলা আধুনিক গান পৌঁছে যাবে এক সম্পূর্ণ ভিন্ন স্তরে।

ইতিমধ্যে, HMV তে এক কান্ড হয়েছে। প্রবাদ প্রতিম কৃষ্ণ চন্দ্র দের সব থেকে প্রিয় ছাত্র HMV র পরীক্ষায় ফেল করেছে তার নাকে নাকে গাওয়ার কারণে। অগত্যা দ্বারস্থ হওয়া বাঁশী বাজানো রাখাল ছেলের ঘরে। শ্রী চন্ডী চরণ সাহা, বাঙলা তথা ভারতবর্ষের প্রথম স্বদেশী রেকর্ড কোম্পানী, Hindustan Records এর কর্ণধার, পাকা জহুরীর মতো হীরে চিনতে ভুল করেননি। বেরোলো ১৯৩২ সালের পূজোয়, কুমার শচীন দেব বর্মনের রেকর্ড। সেই প্রথম নতুন সুরে করা বাঙলা গানে এল বাঙলার পল্লীগিতির ছোঁয়া - 'ডাকলে কোকিল রোজ বিহনে'। পরবর্তী কালে বাঙলা ভাটিয়ালী গান আর শচীন কর্তার নাম একরকম সমার্থক হয়ে যায়।

১৯৩৭ এ যাদবপুরে ইন্জিনিয়ারিং পরতে পরতে গান রেকর্ড করল এক যুবক। গানটি ছিল - 'জানিতে যদি গো তুমি

পাষাণে কি লেখা আছে'। সবাই বললো - এ যেন পঙ্কজ মল্লিকের নকল করা। তার নিজেরও বোধহয় তেমন পছন্দ হয়নি। তাই ১৯৪৩ এ নিজের সুরে রেকর্ড হল 'কথা কয়ো নাকো শুধু শোনো'। আধুনিক বাঙলা গান তার শৈশব থেকে কৈশোরে পা রাখলো হেমন্ত মুখোপাধ্যায়ের হাত ধরে।

এগিয়ে যাই ১৯৪৯ এ। কে. মল্লিকের গান নিজে নিজে তুলত যে ছেলেটি সে এখন ২৪/২৫ বছরের তরতাজা যুবক, গণ নাট্য সংগঠনের সদস্য। নিজের চোখে দেখেছে সেই সময়ে বাঙলার কৃষক/শ্রমিক দের উপর অত্যাচার, 'কুটিলের মন্ত্রে শোষণের যন্ত্রে' সৃষ্টি হওয়া দুর্ভিক্ষের হাহাকার। প্রতিবাদে ইতিমধ্যে লিখেছে অনেক কবিতা, সুর দিয়েছে তাতে। সলিল চৌধুরী । তারই সুরে ১৯৪৯ এ সৃষ্টি হল সেই গেম চেন্জিং পুজোর গান - 'গাঁয়ের বধূ'। বাঙলা গানের বিশিষ্ট সংগ্রাহক, চলমান Encyclopedia,শচীদুলাল দাসের মতে এই গানটি রাতারাতি যেন বাঙলা গানকে ঝকঝকে স্মার্ট এক যুবক বানিয়ে দিল। শুরু হল বাঙলা গানের স্বর্ণ যুগ।

৫০ এর দশক। বাঙলা গানের স্বর্ণ যুগের শুরুতে পাওয়া গেল অনেক নতুন শিল্পী/গীতিকার/সুরকার। এঁদের মধ্যে অনেকেই এসেছিলেন গানের তাগিদে, জীবিকার তাগিদে নয়।সেই সময় পুজোর গান তৈরী করা শুরু হয়ে যেত এপ্রিল মাস থেকেই। কলকাতায় নলিনী সরকার স্ট্রীটে সিটিং হত।শিল্পী/সুরকাররা একে অপরের জন্য সুর করতেন, গান গাইতেন, ইন্সট্রুমেন্ট বাজাতেন, এখানে ওখানে যোগ করে দিতেন ম্যুজিক্যাল ফ্রেজ।একটা ভীষণ রকমের কোলাবরেটিভ ব্যপার। আসাধারন কিছু গান হয়েছিল এই দশকে – সুচিত্রা মিত্রের 'সেই মেয়ে', সুবীর সেনের 'এত সুর আর এত গান', সতীনাথ মুখোপাধ্যায়ের 'এল বরষা যে সহসা মনে', সবিতা চৌধুরীর 'সুরের ঝর্ণা', সন্ধ্যা মুখোপাধ্যায়ের 'উজ্জ্বল এক ঝাঁক পায়রা', মানবেন্দ্র মুখোপাধ্যায়ের 'আমি এত যে তোমায় ভালোবেসেছি', ধনঞ্জয় ভট্টাচার্যের 'এই ঝির ঝির ঝির বাতাসে', গীতা দত্তের 'কাজল কাজল কুমকুম' ।

১৯৫৬ সাল। ২৬/২৭ বছর তাঁর বয়স, ভীষণ মিষ্টি গলা, এসেছেন তাঁর প্রথম বাঙলা গান রেকর্ড করতে। গান তুলতে তুলতে প্রশ্ন - 'দাদা ইয়ে গানা কিস্ কা কোম্পজিসন হ্যায়, ওর্কেস্ট্রেসন কিস্ কা হ্যায়'। সতীনাথ মুখোপাধ্যায় তাঁকে গান তোলাচ্ছিলেন। আশ্বস্ত করলেন এই বলে যে সুরকার ও অ্যারেনজার দুটোই তিনি। এই প্রথম কোনো অবাঙালীর পুজোর গান গাওয়া।প্রথম দিকে বাঙলা উচ্চারণ তেমন ভাল হয়নি। তাই শিল্পীর অনুরোধে সতীনাথ প্রতিটা লাইনের মানে বুঝিয়ে দিলেন।তারপর কিছুটা সময় নিয়ে আবার যখন গানটি তিনি গাইলেন তখন গানের কথায়, সুরে ও ভাবে শিল্পী ও সুরকার দুজনের চোখেই জল। লতা মঙ্গেশকরের সেই প্রথম বাঙলা গান - 'আকাশ প্রদীপ জ্বলে দূরের তারার পানে চেয়ে'।

১৯৫৯ সালের পুজোয় ১৯ জন শিল্পীর রেকর্ড HMV থেকে একসাথে বেরয়। পুজোর গানের ইতিহাসে এই প্রথম আর এই শেষ। শিল্পীর ছিলেন মান্না দে, শ্যামল মিত্র, ইলা বসু, সতীনাথ মুখোপাধ্যায়, মহম্মদ রফি, মানবেন্দ্র মুখোপাধ্যায়, উত্পলা সেন, বাসবী নন্দী, সনত্ সিংহ, লতা মঙ্গেশকর, তরুণ বন্দ্যোপাধ্যায়, ধনঞ্জয় ভট্টাচার্য, তালাত মাহমুদ, আশা ভোঁশলে, গীতা দত্ত, ছবি বন্দ্যোপাধ্যায়, পান্নালাল ভট্টাচার্য, ভানু বন্দ্যোপাধ্যায় (কৌতুক নকশা) ও সন্ধ্যা মুখোপাধ্যায়।

৬০ এর দশকে পুজোর গান সমৃদ্ধ হল এই সমস্ত শিল্পীর গানে।যোগ দিলেন আরো নতুন শিল্পীরাও।এই সময়ের কিছু উল্ল্যেখ যোগ্য গান ছিল - সন্ধ্যা মুখোপাধ্যায়ের 'আমি তো তোমারি কাছে রয়েছি', মান্না দের 'হৃদয়ের গান শিখে তো গায় গো সবাই', শ্যামল মিত্রের 'হংস পাখা দিয়ে নামটি তোমার লিখে', আরতী মুখোপাধ্যায়ের 'না বলে এসেছি তা বলে ভেবোনা', রুমা গুহঠাকুরতার 'এক খানা মেঘ ভেসে এল আকেশে', অখিলবন্ধু ঘোষের 'ও দয়াল বিচার করো', মৃণাল চক্রবর্তীর 'ঠুংঠাং ঠুংঠাং চুরির তালে' এবং আরো আনেক।

'টুবলু'র পুজোর গানের জগতে প্রথম পা রাখা ১৯৫৮ সালে - বাবার পুজোর গানে সরোদ বাজানো দিয়ে। তারপর প্রায় দশ বছর কেটে গেছে । 'টুবলু' তখনো বাবার গানে সহকারী হিসাবে কাজ করলেও বম্বেতে তার নিজেরও একটু আধটু নাম ডাক হয়েছে। পুজোর গান ও বার হয়েছে তার সুরে। তবে পুজোয় নিজের গান করার ইচ্ছে আছে। বন্ধু শচীন ভৌমিক অনেকদিন ধরে বলেই যাচ্ছে পুজোর গান লিখে দেবে, কিন্তু সময় পাচ্ছে না। অবশেষে সেই দিন এল। কলেজে পড়াকালীন একটি মেয়ে মনে বড় দাগা দিয়েছিল । নাম বদলে তাকে নিয়েই গান লিখলেন শচীন ভৌমিক 'মনে পড়ে রুবী রায়'।'টুবলু'/রাহুল দেব বর্মণ, সুর করলেন আর গাইলেন সেই গান - ১৯৬৯ সালের পুজোয়। বাকীটা ইতিহাস । এমন নতুন ধরনের ছন্দ, এমন নতুন ধরনের সুর আগে বাঙলা গানে তেমন হয়নি। সুরে কেমন একটা বাঁধন ছাড়া ভাব, কোথাও আবার রাগ কিরওয়ানীর ছায়া আছে। সংস্কৃতি মনষ্ক বাঙালী শ্রোতারা মানসিক দ্বন্দে পড়লেন। একদল বললেন ছি ছি কেমন বাপের কেমন ছেলে। আরেক দল ভাবলেন বাঙলা গান আবার নতুন করে বড় হল।



# TVPD Constructions Consulting LLC.

- ❑Home Remodeling
- ❑Kitchen & Bathroom Remodel
- ❑Electrical
- ❑Plumbing
- ❑Painting
- ❑Retexture
- ❑Wood Floor



Prem Vazirani
Cell: (925) 786-5675

2421 Canyon Lake Drive
San Ramon, CA – 94583, USA
Email: padrema@gmail.com

দিদির সাথে সাথে আশা ভোঁশলের ও বাঙলা পুজোর গানের জগতে প্রবেশ ৫০-এর দশকে। প্রথম গান করাছিলেন সুধীন দাশগুপ্তের সুরে ১৯৫৮ সালে - 'আকাশে আজ রঙের খেলা'। তারপর ৬০ এর দশকে পুজোর গান গেয়েছেন বিভিন্ন সুরকারের সুরে। তারপর ১৯৬৮ থেকে তিনি পুজোর গান করেছেন শুধুই রাহুল দেব বর্মণের সুরে, সেই ১990 অবধি। এই সময়ের পুজোর গানে এই জুটির জনপ্রিয়তা কোনো বিতর্কের অবকাশ রাখেনা। ১৯৬৯ এ আশা ভোঁশলে রাহুল দেব বর্মণের সুরে গাইলেন পুজোর গান - 'যেতে দাও আমায় ডেকো না' - যে গান বাঙলা গানের ইতিহাসে একটি মাইল ষ্টোন ।

৬০ এর দশকে বাঙলা গানে পাশ্চাত্য সুর, তাল ও সিম্ফনী নিখুঁত ভাবে মিশিয়ে ছিলেন সলিল চৌধুরী, সুধীন দাশগুপ্ত, রাহুল দেব বর্মণের মত সুরকারেরা। ৭০ এর দশকে তারই পুর্ণ প্রতিফলন ঘটে পুজোর গানে। অন্য সুরকারদের পুজোর গানের সুরেও সেই প্রভাব এল অবধারিত ভাবে। এই দশকের কিছু মনে রাথার মত গান - বনশ্রী সেনগুপ্তের 'আজ বিকেলের ডাকে তোমার চিঠি পেলাম', পিন্টু ভট্টাচার্যের 'ওগো আমার কুন্তলীনি প্রিয়ে', হৈমন্তী শুক্লার 'আমার বলার কিছু ছিলনা'। ৭০ এর দশকে পুজোর গানে যোগ দিলেন বম্বের নায়িকারাও। মালা সিনহা, রাখী, অর্চনা গুপ্তা গাইলেন মানস মুখোপাধ্যায়ের (এ যুগের গায়ক শান ওনারই সুপুত্র) সুরে । আর হেমা মালিনী গেয়েছিলেন কিশোর কুমারের সুরে - 'কাঁদে মন পিয়াসী' ।

কিশোর কুমার ১৯৬৭ তে তাঁর প্রথম পুজোর গান রাহুল দেব বর্মণের সুরে 'একদিন পাখী উড়ে যাবে যে আকাশে'। ৭০ এর দশকে তিনি নিজের সুরে পুজোর গান করা শুরু করেন। 'আমার মনের ময়ুর মহলে', 'এই যে নদী যায় সাগরে' - অপূর্ব সব গান। এক বছর কিশোর কুমার গান গেয়েছিলেন লতা মঙ্গেশকরের সুরে - 'তারে আমি চোখে দেখিনি'। আর লতা মঙ্গেশকর গান গেয়েছিলেন কিশোর কুমারের সুরে - 'কি লিখি তোমায়'। ৮০ র দশকের শুরুতে কিশোর কুমারকে Hindustan Records অনুরোধ করেন পুজোর গানের জন্য। কিশোর কুমারের জেদ ছিল যদি হেমন্ত মুখোপাধ্যায় সুর করেন তবেই তিনি গান রেকর্ড করবেন। শেষ অবধি হল সেই রেকর্ড - 'আমার পুজার ফুল ভালোবাসা হয়ে গেছে'। সেই গান আজও সবাই শোনে।

ছোট বয়সে কুস্তি করলেও, মান্না দে কে ৯০ বছর বয়স অবধিও সুর লাগাতে গলার সাথে কোনো কুস্তি করতে হয়নি। ভারতবর্ষে এমন কোন সঙ্গীত সম্মান নেই বোধহয় যা তিনি তাঁর ৬০ বছরেরও বেশী সঙ্গীত জীবনে পাননি। তাই তাঁর পুজোর গানের তালিকাটাও খুবই বড়। তবু তারই মধ্যে ৮০ র দশকে গাওয়া তাঁর একটি গান সর্বকালের প্রথম ২০ টি জনপ্রিয় বাঙলা গানের মধ্যে ধরা হয়ে থাকে। এই গানটি বহু প্রজন্মের বাঙালির কাছে এমন একটি গান যেটা না গাওয়া হলে গানের আড্ডা সম্পূর্ণ হয় না। মান্না দের গাওয়া - 'কফি হাউসের সেই আড্ডা টা আজ আর নেই'।

৮০র দশকে পুজোর গানে উঠে এলেন কিছু নতুন প্রজন্মের শিল্পীরাও। হৈমন্তী শুক্লা, অরুন্ধতী হোম চৌধুরী, সৈকত মিত্র, শিবাজী চট্টোপাধ্যায়। সলিল চৌধুরী, হেমন্ত মুখোপাধ্যায়, মান্না দের সুরে এঁরা গান করলেন। তবে কেমন যেন জমল না। অনেক বছরই পুজোয় তেমন ভাবে আর নতুন গান হল না। HMV পুরোনো পুজোর গান ক্যাসেট কম্পাইল করে পুজোর সময় বার করল। শুরু হল কভার ভার্সনের চলন । পুরোনো জনপ্রিয় বাঙলা গান নতুন করে গাওয়া, বা পুরোনো জনপ্রিয় হিন্দি গানের সুরে বাঙলা কথা বসিয়ে নতুন করে গাওয়া। নতুন প্রজন্মের সুরকারের অভাবই বোধহয় এর কারণ।

৯০ এর দশকে বাঙালী বহির্মুখী। পশ্চিমবঙ্গে চাকুরি বা ব্যবসার দুরবস্থার কারনে ঘরকুনো বাঙালীরা সব আলসেমো কাটিয়ে বেরিয়ে পরল দিল্লী, ব্যাঙ্গালোর, পুণের দিকে এবং বিদেশে। এর প্রভাব বোধহয় পুজোর গানেও পরেছিল, স্বাভাবিক ভাবেই। এই সময় থেকে HMV পুজোর গানকে আলাদা ভাবে শারদ অর্ঘ্যের লেবেল দেওয়া বন্ধ করে দেয়। পুজোর এক দুই মাস আগে থেকে যে গান বেরত সে গুলো কেই পুজোর গান হিসাবে ধরা হত।

৯০ এর দশক কিন্তু বাঙলা গানের জীবনমুখী হওয়ার দশক। জীবনমুখী গানের কথায় হৈমন্তী শুক্লা খুব চিন্তিত হয়ে বলেছিলেন - তাহলে কি আমরা এতদিন মরণমুখী গান গেয়ে এলাম। তবে হলপ করে এ কথা বলা যায় এই তথাকথিত জীবনমুখী গানের যিনি মুখ্য হোতা সেই সুমন চট্টোপাধ্যায়/কবীর সুমন নিশ্চয় গান গুলো কে এই নামে অভিহিত করেননি। সুমন চট্টোপাধ্যায়ের প্রথম পুজোর গান ৯৮ সালে - 'জাতিস্মর'। 'অমরত্বের প্রত্যাশা নেই, নেই কোন দাবী দাওয়া, এই নশ্বর জীবনের মানে শুধু তোমাকেই চাওয়া'। সুমনের গানে এই 'তোমাকেই চাওয়া'/'তোমাকে চাই' ব্যাপারটা বারবার ফিরে এসেছে । লোপামুদ্রা মিত্রের কালোত্তীর্ণ অন্য ধরণের গান 'বেণী মাধব' - জয় গোস্বামীর কবিতায়, সমীর চট্টোপাধ্যায়ের সুরে। আর ছিল নচিকেতার 'নীলাঞ্জনা', অঞ্জন দত্তের 'বেলা' এবং 'রঞ্জনা' । আর ছিল ব্যান্ডের গানে (ভূমি) 'বারান্দায় রোদ্দুর'। জীবনমুখী বা অন্য যাই হোক না কেন, এই গান গুলো ৯০ দশকের পুজোর গানে কিছুটা প্রাণ ফিরিয়ে আনে।

২০০০ থেকে ২০০৯ । এই দশকে যাদের পুজোর গান ভাল লাগে তাঁরা হলেন লোপামুদ্রা মিত্র, শ্রীকান্ত আচার্য, শুভমিতা এবং জয়তী


চক্রবর্তী। সুরকার হিসাবে ভাল লাগে জয় সরকার এবং সমীর চট্টোপাধ্যায়ের কাজ। লোপামুদ্রার গাওয়া 'ছেলেবেলার বৃষ্টি' আর (জীবনানন্দ দাশের) 'আবার আসিব ফিরে', শ্রীকান্ত আচার্যের 'শ্রাবণের মেঘ ঝুলে আছে', জয়তী চক্রবর্তীর 'জল হয়েছে মনের মাঝি', শুভমিতার 'শুনে সাঁঝবেলার সে গান' এই সময়ের ভাল কিছু গান।

চলতি দশকে, কিছু বাঙলা ব্যান্ডের গান পুজোর গান হিসাবে বেরয়। ২০১০ এ ভূমির 'গান দরিয়ায়', ২০১২ য় চন্দ্রবিন্দুর 'নয়', ২০১৫ তে সুরজিত ও বন্ধুরার 'ফোক কানেকসন' । ২০১১ য় জয় সরকারের সুরে এবং শ্রীজাতর কথায় শ্রীকান্ত আচার্যর 'মুসাফিরানা' একটি অত্যন্ত সুন্দর এ্যালবাম। এই এ্যালবামের জনপ্রিয়তায় 'মুসাফিরানা-২' বেরিয়েছে ২০১৫ র পুজোয়। এই গানগুলোতে জয় সরকারের সুরে কিছুটা ফিরে পাওয়া যায় পুরোনো গানের নস্ট্যালজিয়া। এ যুগের লতা মঙ্গেশকর, শ্রেয়া ঘোষাল ২০১২ য় বার করেন প্রথম নিজের গাওয়া পুজোর গান - 'মন কেমনের স্টেশন' । আবার জয় সরকারের সুর আর শ্রীজাতর কথা।আর ২০১৬ য় বেরিয়েছে শ্রেয়া ঘোষালের আরেকটি পুজোর গান - 'ঢাক বাজা কাঁসর বাজা' যেটি ভালই জনপ্রিয় হয়েছে।

১৯১৪য় যে পুজোর গানের যাত্রা শুরু, এস. ওয়াজেদ আলীর কথায় - 'সেই ট্র্যাডিশন এখনো চলছে'। হয়তো বা একটু খুঁড়িয়ে, হয়তো বা একটু বেশী স্পীডে। একটু বা ভিডিওর ভারে ভারাক্রান্ত হয়ে। কখনো আধুনিকতার সাথে পা মিলিয়ে, কখনো বা আধুনিকতার সাথে আপোষ করে। হেমন্ত মুখোপাধ্যায় একবার এক সাক্ষাতকারে বলেছিলেন 'আরে আধুনিক গান তো আধুনিক দিনকালের মতোই হবে'।সেই বিশ্বাসেই বিশ্বাস রেখে এই পুজোর দিনে আসুন আমরা সবাই মিলে কামনা করি বাঙালীর পুজোয় বাঙলা গান যেন চিরকাল বেঁচে থাকে।

## তথ্য সূত্র/কৃতজ্ঞতা স্বীকার

স্নেহাশীষ সেন, তথাগত ভট্টাচার্য, অভি দত্তশর্মা, অনিরুদ্ধ ভট্টাচার্য, প্রসুন চক্রবর্তী, ভাস্কর বোস, জবা দত্ত, ফেসবুক গ্রুপ - Bengali Music 60s - 80s https://www.facebook.com/search/top/?q=bengali%20music%2050s%20-%2080s, পুজোর গানের আড্ডায় - https://www.youtube.com/watch?v=LmJMCSOD674, গানের পুজো, পুজোর গান - https://www.youtube.com/watch?v=CzIlhDROGFA&t=863s




**We thank our Donors and Sponsors for their generous contributions!**

**Individuals & Families**

*Anita Banerjee*
*Anupam & Debarati Talapatra*
*Arabindo Chakraborty*
*Asit & Sima Chakraborty*
*Bijoy Sarkar & Pragya Dasgupta*
*Greg Souza*
*Jagannath Prasanth Samavedam & Sonali Chatterjee*
*Jinay Shah*
*Mou & Saumyabrata Bandyopadhyay*
*Nirmalendu & Sagarika Das*
*Nirmalya & Sumita Modak*
*Praveen Kumar*
*Prem Vazirani*
*Rama Mehra*
*Rewa kumar*
*Sanjoy & Baishakhi Bhattacharya*
*Saurabh Saxena*
*Shan & Sanchita Choudhury*
*Shyamal & Millie Roy*
*Sonal Basu*
*Sudip & Mithu Ghosh*
*Suman & Sanchita Bhattacharya*
*Sumedh Bhattacharya*
*Vikram Kalyanaraman*

**Businesses**

*Admissions Placement*
*Apoorva Boutique*
*Bank of the West*
*Biriyani Bowl*
*Business Links*
*Divine Kaya*
*Element 5 Designs (Shailaja Yellapragada)*
*Exotica by Jay (Jayanthi Mutyala)*
*Genpact*
*Golnazar Gourmet Icecream*
*Groupware*
*Ingram & Brauns Musik Shoppe*
*Kumar Jewelers*
*Kumon, San Ramon*
*Lobo Music*
*Manisha Jewellers*
*Morgan Stanley*
*New Learning Grove Academy*
*Open Silicon*
*P C Chandra Group*
*PNG Jewelers*
*Radio Zindagi*
*Rakhi Katariya - Mehndi*
*UCEAZY*
*United Tax*
*Uppal Dental*
*Varsha Patel Designer Boutique*
*Vastra Boutiq*
*Woods N Things (Vandana Jain)*

# With Best Compliments From

GENPACT
GENERATING IMPACT℠ | LEAN DIGITAL℠

## *A global professional services firm focused on delivering digital transformation for our clients*

***We use Lean Digital℠ approach to deliver disruptive business outcomes to our clients with our excellent domain and industry expertise.***




***For two decades, first as a General Electric division and since 2005 as an independent company, we have been passionately serving our clients.***

***For additional information, visit [www.genpact.com](http://www.genpact.com).***
***Follow GENPACT on LinkedIn, Twitter, YouTube, and Facebook.***

# The Day Football Died

***Dipnajan Chattopadhyay***


No, it did not happen in a day. The death has been a slow one. And no, globally the game of football is not dead in most places. It is doing better than ever. Alive and kicking. But Bengal's football and Bengali passion about it died in the eighties. An eyewitness account of that tragic death follows.

I am not quite sure what the opening scene of my nostalgic Bengali football film will be, but the soundtrack will definitely have the line: **Mohun Bagan** *maatth theke Ajay Basu bolchhi* (Ajay Basu speaking from Mohun Bagan football ground) somewhere in it. Even today that one line uttered in a resonant voice on Calcutta A station (Medium Wave: Frequency 657, Meters 456.6) from those pre-DoorDarsharn days evokes a lot of happy memories of excitement and apprehension. Even after DoorDarshan, with a logo that uncannily resembles a football, had started broadcasting the major football matches and some friendly kid's rich dad had finally managed to purchase the first Sonodyne B&W TV set of the neighborhood, one had to fall back to good old All India Radio for the minor matches. That one line would also reveal everything you ever needed to know about a Bengali: religion (hint: not Mohammedan Sporting Club ground), on which side of a fateful 2216 kms line their grandparents grew up (hint: not **East Bengal** ground) and consequently the most important bit - their epicurean preferences. Life was simple back then. Bengali families with both **ghoti** and **bangal** members were not unheard of, but the frequency of such anomalies was as greatly exaggerated as reports of Mark Twain's death were. However, the reports of manslaughter and suicides in those hybrid families during and after a Mohun Bagan-East Bengal match were entirely accurate.

Calcutta football was not just about the three big clubs. Clubs like Aryans, George Telegraph, Eastern Railways, Port Trust, Tollygunge Agragami and Bally Protibha played a very important role in a vibrant football scene: grooming budding talent, providing jobs to footballers and coaches, stimulating fan following in villages, small towns and offices and snatching those occasional but all-important points from the big three. The Mohun Bagan-East Bengal League match, however, was the D-day - the unofficial final match in a round robin Calcutta League of twenty-odd teams. Quite often both of them would make it to the finals of national knockout tournaments like IFA Shield, Durand Cup, Rovers Cup and Federation Cup as well. Those were the days when streets of West Bengal suburbs and villages would be empty and stores would drop shutters hours before the match started. Flags were bought and **Abir** leftovers from Dol (Holi) were dug out in eager anticipation. During the match, one could hear the commentary in any part of a town even when they were not carrying a radio with them. In those pre-Jubo-Bharati-Krirangan days in Calcutta, more people would gather outside the Mohun Bagan and East Bengal Maidan grounds than what could fit inside the stadium. With pocket radios turned on at full volume and held right next to their eardrums, they would excitedly wait for those four magic letters: g-o-a-l. Which side scored that illusive goal would determine the price of **Ilish** and **Chingri** maachh for next several days. As George Bernard Shaw wisely noted, **a Ghoti and his Fish** are intricately tied. For me, a die-hard Mohun Bagan supporter but a closet Ilish fan, a Mohun Bagan victory brought with it the sweet bonus of Ganga's fresh Ilish at a bargain price.

Folklores of barefoot **Mohun Bagan's incredible 1911 IFA shield triumph** against the goras, exploits of Samad and Gostho Paul, legendary Mohammedan Sporting team of 1930s, FIFA's refusal to let barefoot Indian team take part in 1950 world cup, India's 1951 Asian Games gold, magic (I mean atrocities) of East Bengal's Panchapandab -


Vastra
BOUTIQ
Simplicity is our Style
Store Location:
200 Serra Way, #38, Milpitas, CA
Next to Serra Theatres
Phone: 408-657-3336
Email: vastraboutiqinfo@gmail.com
Follow us on:
facebook.com/vastra.boutiq



Ahmed Khan, Venkatesh, Saleh, AppaRao and Dhanraj - in fifties and Shailen Manna's resolute defense against them, Chuni Goswami's brilliance in sixties, P K Banerjee-Chuni Goswami-Balaram-Journal Singh inspired Asian Games gold in 1962, the creditable fourth place finish in 1956 Olympics and Neville DeSouza's hat-trick, the bronze in 1970 Asiad aroused not only passion, but also a sense of pride and nationalism. Bengali fiction and non-fiction writing by the likes of amazingly gifted Moti Nandy in magazines like Khela, Khelar Asar, and Anandamela reinforced those folklores.

Unfortunately it all slowly fell apart in the eighties. It started with the live broadcast of world cup football and the introduction of **Jawharlal Nehru Gold Cup**. 1982 was the first world cup broadcast live by DoorDarshan and, in the middle of enjoying Zico's brilliance, Maradona's promise of future greatness, Rossi's opportunism and an epic France-West Germany semifinal - dawned a painfully sad realization: there was a very wide gulf between Calcutta Maidan and the best of world football. The reality was driven home more directly and ruthlessly in the Jawharlal Nehru Gold cup invitational tournament which also started in 1982. Studded with world-cupper studs those teams started to pummel our gods mercilessly. All of a sudden Bidesh Bose's run on the left wing, Surojit Sengupta's body swerves and the crosses from the right wing, Krishanu Dey's dribbles, Sishir Ghosh's headers and Prasun Banerjee's left-footed free-kicks lost their magic. And a year later, on the same Sonodyne set, we watched eleven Indians performing a **new magic** at Lord's and suddenly transforming a leisurely game of rich and elitist Indians into a national obsession. The world of Calcutta football was never quite the same again.

***"To think of football as merely 22 hirelings kicking a ball is merely to say that a violin is wood and cat-gut, Hamlet so much ink and paper. It is conflict and art."*** - JB Priestly

True, but it is a game too - with a winner and a loser. It is not possible to get excited and passionate about a team that always loses, loses big and while losing, does not even look like playing the same game as the best in the business is playing. A Bengali did not have to shun his Ray and Ghatak when he discovered Truffaut and Buñuel. He could effortlessly switch between his Tagore and Eliot. But after watching the World Cup, Jawharlal Nehru Gold cup and Indian one-day cricket triumphs on the screens of DoorDarshan, he could never again find the same passion about football.

No, Baichung Bhutiya's brief stint at a third-tier Manchester Bury does not redeem anything. Any Mohun Bagani worth his salt knows that Chuni Goswami had an offer from Tottenham Hotspur in the 60s. He refused because Mohun Bagan back then was much stronger than the Spurs :-) and in Calcutta he was treated like a god - a god mightier than even the great Uttam Kumar. He was also a decent Ranji player, but never wanted to improve his cricket and make it to the national side because cricket was not important enough. So after breaking his knee while playing football, when a certain teenager decided to switch to cricket in late eighties - it was not only the best career move by a Bengali since Michael Madhusudan and Bankim Chandra gave up writing in English, it also epitomized the end of an era.



Cosmetic & Family Dentistry
UPPAL DENTAL CARE
Charanjit S. Uppal DDS Inc.
Most Insurance Plans Accepted
Cosmetic Dentistry
Crowns & Bridges
Tooth Extraction
Gum Treatment
Laser Dentistry
Lumineers / Veneers
Dentures & Partials
Root Canals
Bad Breath
SILICONEER
invisalign
Strictly Maintained
Sterilization Standards
Discount for Senior Citizens and Cash Patients
State of the Art Dentistry
PAYMENT PLANS AVAILABLE
0% INTEREST
FOR 12 MONTHS (O.A.C.)
FREE
TEETH WHITENING
With Paid Exam. X-Rays & Cleaning:
Your Insurance Usually Covers these Services.
Some Restrictions Apply. New Patients Only. Not Valid with any other offer.
Expires 10/31/17
FREE
X-RAYS* AND EXAM
With Paid Cleaning
*LIMIT 4.
Some Restrictions Apply. New Patients Only. Not Valid with any other offer.
Cash Patients Only. Expires 10/31/17
CASH PATIENTS
UPTO 50% OFF*
*Depends on Procedure.
Some Restrictions Apply. Not Valid with any other offer. Expires 10/31/17
Starting at
$2,950*
Limited Time. Offer may end without notice. Restrictions apply. Not Valid with any other offer.
invisalign
HAYWARD
1191 West Tennyson Road, Ste 4
Hayward, CA 94544
(510) 786-1780
MILPITAS
1750 Clear Lake Avenue
Milpitas, CA 95035
(408) 942-4400
www.uppaldental.com


Bay Area Homes
REAL ESTATE
Sonal Patel Basu
Realtor/Broker
Lic. 01795383
Call or Text me @ 925 -588-5566
Gopinath Pachaiappan
Senior Lending Officer
Assistant Vice President
NMLS ID: 633631
View My Website
Mobile 408.204.3341
Office 408.615.4294
Fax 800.248.3805
gopinath.pachaiappan@bankofamerica.com
2880 Stevens Creek Boulevard, Suite 101
San Jose, CA 95128
Bank of America
YOUR CARING PARTNERS
We will hold your hands through the whole home buying process. From selecting the best home to picking the best lending product to making your dream to own a home reality, you have caring partners in us!


Exotica By Jay
Exotica By Jay Jewelries
Perfection Beyond Expressions...Quality Beyond Expectations
Jayanthi - Ph:510-431-8296

# HelloBots Brings the Fun of LEGO Robotics to the San Jose Community

***Labanya Mukhopadhyay, Grade 12***

As the world around us advances through the world of technology, it is likely that future generations will depend on technology as a main necessity in life. But how will these young generations know what the future has in store for them without getting the proper exposure at a young age?

I, currently a senior at Evergreen Valley High School, was drawn into robotics from my fourth grade. I noticed that robotics was an activity that only privileged children had access to and girls steered away from it due to preconceived misconceptions. As a captain of an all-girls FTC robotics team in school, I observed how robotics could open up a new dimension of knowledge, and could change one's attitude towards science and education. That inspired me to start the HelloBots LEGO robotics program in the summer of 2015 for the ethnically diverse and primarily immigrant children in San Jose. This was the first LEGO robotics program for the students of Alum Rock community.




HelloBots organizes 5 to 6 weeks workshops for 4 - 8th grade children about how to build and program a robot using Lego Mindstorm, completely free of cost. I am fortunate to have received great support and inspiration from San Jose Branch librarians and local elementary and middle school principals to make this a successful program.

HelloBots runs workshops at five Public Branch Libraries and after-school classes at two public school districts in San Jose. We arranged an all-girls workshop called "HelloBots for Her" with an aim to encourage more young girls to the world of technology and robotics. So far HelloBots served more than 500 children from San Jose and beyond and also offers Advanced level workshops, where children with basic robotics knowledge can explore further.

This program has been recognized by the City of San Jose with a commendation from the Mayor, Sam Liccardo, and last Vice Mayor, Rose Herrera for the contribution to San Jose community. According to Diana Learned, a librarian at the Alum Rock Public Library, "The HelloBots program has been successful and brought a new, high-tech offering to the low-income, primarily immigrant community served in the Alum Rock area." HelloBots is a proud recipient of generous grants from San Jose chapter of Awesome Foundation and National Center for Women & Information Technology (**NCWIT**).

HelloBots has organized an exciting LEGO Robothon, a fun robotics competition for 4-8 grade students in the summer of 2016 and 2017. Here participants could use their imaginations to build and program a robot in teams, with guidance from instructors, and compete for prizes in a friendly setting. All attendees won prizes and certificates, personally signed by the last Vice Mayor, Rose Herrera and District 8 Councilwoman, Sylvia Arenas. These events were sponsored by San Jose Mayor's office and many local businesses. This Robothon is the first of its kind in San Jose to foster STEM education to our youth in the most fun and creative way possible, LEGO robotics!

Hellobots have grown now to a strong team of ten dedicated volunteers. We are determined to reach out to every child in San Jose and beyond. For more information about the Robothon, upcoming sessions, volunteering opportunities, and donations please visit www.hellobots.com, a non-profit organization registered in California.




**With Best Compliments From**






## আগমনীর তরফ থেকে সবাইকে জানাই শারদ শুভেচ্ছা !

## A Huge Shout Out to our dedicated team for making Agomoni Durga Pujo a Grand Success!

**President:** Avijit Laha
**Vice President:** Debasish Chakraborty
**Secretary:** Anindita Mitra
**Treasurer:** Manas Goswami
**Board Members at Large:** Shankar Roy, Mausumi Biswas

### Puja
**Subhasis Banerjee**
Anindita Mitra
Anindita Chakraborty
Anita Banerjee
Baishakhi Bhattacharya
Bipasa Laha
Debjani Mitra
Jaya Mitra
Maupali Dasgupta
Mausumi Biswas
Gopa Banerjee
Mumu Pain
Sanjoy Bhattacharya
Saswati Dutta
Sayantika Banerjee

### Fund Raising
**Shouvik Ray**
Avijit Laha
Debasish Chakrabarty
Debjani Roy Chowdhury
Kaberi Goswami
Manas Goswami
Prantik Chakraborty
Sanjoy Bhattacharjee
Sourav Banerjee
Sourav Saha
Suman Pain
Sushanta Chakrabarty

### Facilities
**Partha Mitra**
Anirban Mitra
Anirban Sain
Arnab Sengupta
Bijoy Sarkar
Pathikrit Dutta
Rajib Bhakat
Sankar Chanda
Shan Choudhury
Satyaki Das
Saurav Lahiri
Sudip Ghosh
Suman Pain

### PR & Media
**Tania Bhattacharya**
Anindita Mitra
Arindam Mukherjee
Bipasa Laha
Bitan Biswas
Debarati Talapatra
Mausumi Biswas
Rima Basu
Sauravi Mazumdar
Sayantika Banerjee
Satarupa Chakravarty
Sohini Chaudhuri

### Food
**Arindam Chakrabarti**
Anindita Chakraborty
Bipasa Laha
Gopa Banerjee
Sudipto Saha
Prantik Chakraborty

### Cultural
**Anupam Talapatra**
Aparna Mukherjee
Arindam Mukherjee
Bipasa Laha
Devayanee Mitra
Pragya Dasgupta
Sayantika Banerjee
Satarupa Chakravarty
Sudipta Chakraborty

### Decoration
**Arindam Mukherjee**
Arup Dutta
Bitan Biswas
Rajib Bhakat
Sanjoy Bhattacharya
Subhasis Banerjee
Subrata Adhikari
Suchisubhra Sinha


P.C. CHANDRA
MORE THAN GOLD
GROUP
P. C. CHANDRA
JEWELLERS
A jewel of jewels
Our divine collection
now on
amazon
The exquisite range of P. C. Chandra Jewellers will now be available on www.amazon.in.
Choose a gift for your loved ones this Puja and get them delivered to their doorstep.
www.amazon.in
Also available on www.pchandraindiaonline.com
Shop online at www.pcchandraindiaonline.com and follow us on /pcchandrajewellersindia
BATES CHI & PARTNERS/363

# Agomoni: A Philanthropic Endeavor

***Manas Goswami***

Less than six months back, a small group of like-minded families came together and initiated an effort to bring smiles back to the people in their local and global communities. Although we are a nascent organization with limited resources and experience, we thrive on our dreams to make a difference in the lives of people-in-need across the globe.

Agomoni welcomes all to our first major event in September 2017 – “Durga puja” – the celebration of autumn which is observed across India under different names. Our primary objective for this event is to bring the community together to celebrate Indian culture and heritage. As part of this effort, we are providing a platform for the community to promote cultural talents and interests – almost 100 participants from the community will perform over the two days. We will continue hosting such events throughout the year to raise awareness about Indian heritage and culture.

One of our primary guiding principles is to give back to the community at large. More than ever in the history of humankind, the world is in a major humanitarian crisis.

- One billion people do not have access to safe drinking water, impacting approximately 1/6$^{th}$ of the world’s population primarily across Africa and other under-developed regions (source “Ryan’s Well Foundation”).
- Approximately one billion adults are illiterate and 150 million children lack access to basic education, pushing their population below the poverty line. (source “Compassion International”)
- More than half-a-million people are homeless just in the US, and more than 1/3 of the states reported continuous increase of homelessness (source “National Alliance to End Homelessness”).

Agomoni as an organization is fully committed to be part of the worldwide philanthropic movement to eradicate human suffering and make the world a better place. We plan to fulfill the mission utilizing the following avenues:

***Directly supporting local community –*** our first step towards the goal is to get involved with the tri-valley community and support local charitable drives. We will support these causes both financially and by volunteering actively. Agomoni members have already participated in following activities: donation of essential items (books, toys etc.) to the Salvation Army to help children in need and volunteering at Open Heart’s kitchen to provide healthy meals to homeless people in local communities. We will support community members in need directly as well – for example, providing scholarships to underprivileged students to carry on with their educational opportunities.

***Supporting Charitable Organizations –*** With our limited funds this year, we have already started discussion with the charitable organizations (domestic and international) for possible collaboration opportunities. For the time being, we are exploring to support causes for clean drinking water, basic education, reduction of human trafficking, special needs like autism, etc. Agomoni members also raised and donated a significant amount to Red Cross to support the relief effort for Harvey victims.

***Directly-managed philanthropic projects –*** In the long run, Agomoni will directly fund and manage execution of charitable activities at both domestic and international locations. For example, we may help build a school in an underdeveloped area of India or African sub-continent to ensure basic education for children.

We would like to express our gratitude to all our members, sponsors and well-wishers for supporting Agomoni fulfill its missions today and in future.


Get a Head Start On
Math this Fall!
Is it your child's goal to get ahead in math this fall?
Give your child a clear advantage.
Reserve your space now!
Ramp Up Your Math Skills For Success!
MATHNASIUM
The Math Learning Center
We Make Math Make Sense
1 WEEK
FREE
TUTORING
& HOMEWORK HELP
Must present coupon. New students only.
2240 Camino Ramon, Suite 120
San Ramon
(Next to the San Ramon City Offices)
(925) 806-0600
www.mathnasium.com
Flat Monthly Fee.
Drop-in any time during regular hours, whenever it's convenient.
4725 First Street, Suite 235
Downtown Pleasanton
(In Civic Center Station, First Street at Bernal)
(925) 462-8411
3435 Mt. Diablo Blvd.
Lafayette
(At Golden Gate Way)
(925) 283-4200
GRADES 1-12 • PRE-ALGEBRA • ALGEBRA 1 & 2 • GEOMETRY
PRE-CALCULUS & CALCULUS • SAT/ACT PREP
HOMEWORK HELP FOR ALL LEVELS

Morgan Stanley



*Morgan Stanley is proud to support*

# Agomoni

**Hari Iyer**
Vice President
Financial Advisor
2005 S. Broadway
Santa Maria, CA 93454
805-347-4538
hair.iyer@morganstanley.com

**Hiten Iyer**
Financial Advisor
1014 Santa Barbara Street
Santa Barbara, CA 93101
805-564-7948
hiten.iyer@morgansttanley.com

© 2017 Morgan Stanley Smith Barney LLC. Member SIPC.

SUP001 CRC1688173 01/17 CS 9000172 08/17

| COMP | JOB INFORMATION | SPECIFICATIONS | NOTES |
|---|---|---|---|
| | PROJ. NO.: 9000172 / 604087612 | TRIM SIZE: 8.5" × 11" | |
| | JOB NAME: WM Mkt Chin Agomoni LocAd | FINISHED SIZE: 8.5" × 11" | |
| | | BLEED: NA | |
| CREATIVE STUDIO<br>1585 Broadway, 23rd Floor<br>New York, NY 10036<br>180 Varick Street, 3rd Floor<br>New York, NY 10014 | DESCRIPTION: Byrnes SupportSponsor Refresh 8.5x11 | POST-PROD: | TMPL: |
| | | PAPER: TBD | PICKUP: |
| | CLIENT NAME: Chin Mary | | MODIFIED BY<br>CH KA 08 11 17 |
| | PROJECT MGR: Chris Byrne | PRINTING: TBD | |
| | COST CENTER: F023 | | APPROVAL |
| r2 | DUE DATE: 12/10/2017 4:30pm | COLORS: CMYK | |

FILENAME: 9000172 Agomoni r2 LAST MODIFIED: August 11, 2017 1:46 PM